

**প্রেস বিজ্ঞপ্তি**

১০০ ভাগ রপ্তানীমুখী হিমায়িত মৎস রপ্তানীকারী প্রতিষ্ঠানে ব্যবহৃত কার্টুন ও এক্সেসরিজ সরবরাহে জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশনের এক যৌথ সভা আজ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড সভায় সভাপতিত্ব করেন। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (শুষ্কঃ রপ্তানী, বন্ড ও আইটি) জনাব এ.এফ.এম শাহরিয়ার মোল্লা, মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি) জনাব মোঃ বেলাল উদ্দিন, মহাপরিচালক, শুষ্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ড. মইনুল খান ও কমিশনার, কাস্টম হাউস, মংলা জনাব আল-আমিন প্রামানিক উপস্থিত ছিলেন। বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব মোঃ গোলাম মস্তফা এমবিএ এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল সভায় উপস্থিত ছিলেন। বিএফএফইএ প্রতিনিধি দলের অন্যান্য সদস্যগণ হলেন- জনাব মোঃ রেজাউল হক, পরিচালক, জনাব আবুল বাসার, নির্বাহী পরিচালক, এবং জনাব মাহমুদ আহসান টিটু, ব্যবস্থাপনা পরিচালক, শরিফা প্রিন্টার্স এন্ড প্যাকেজারস্ প্রাইভেট লিমিটেড এবং সাউথ এশিয়ান প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ।


সভায় বিস্তারিত আলোচনা শেষে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন এর ০৭/১২/২০১৫ তারিখের পত্রের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডে ২৭/১২/২০১৫ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী শতভাগ রপ্তানীমুখী হিমায়িত মৎস্য রপ্তানীকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত কার্টুন ও এক্সেসরিজ সরবরাহে জটিলতা নিরসনকল্পে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির সদস্যগণের তালিকা নিম্নরূপঃ

১)	জনাব এ.এফ.এম শাহরিয়ার মোল্লা, সদস্য (শুষ্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২)	জনাব ড. মইনুল খান, মহাপরিচালক, শুষ্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা	সদস্য
৩)	জনাব মোহাম্মদ শফি উদ্দিন, প্রথম সচিব (শুষ্কঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য
৪)	জনাব মোঃ গোলাম মস্তফা, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন	সদস্য
৫)	জনাব মোঃ রেজাউল হক, ডিরেক্টর, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন	সদস্য
৬)	জনাব মাহমুদ আহসান টিটু, ম্যানেজিং ডিরেক্টর, শরিফা প্রিন্টার্স এন্ড প্যাকেজারস্ প্রাইভেট লিমিটেড এবং সাউথ এশিয়ান প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিঃ।	সদস্য
৭)	জনাব মুহাম্মদ ইমতিয়াজ হাসান, দ্বিতীয় সচিব (শুষ্কঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য সচিব

উল্লেখ্য, বর্ণিত কমিটি ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন এর আবেদন এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ পর্যালোচনাপূর্বক তাদের প্রতিবেদন দাখিল করবেন এবং কমিটি তাদের প্রয়োজনে অন্য যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

সভায় সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বলেন, দেশের রপ্তানী খাতকে বিশেষভাবে উৎসাহ প্রদানের জন্য অনসৃত নীতিমালার ধারাবাহিকতায় দেশের ১০০ ভাগ রপ্তানীমুখী হিমায়িত মৎস রপ্তানীতে যেন কোন প্রকার বিঘ্ন না ঘটে সেজন্য জাতীয় রাজস্ব বোর্ড সর্বতো প্রচেষ্টা অব্যাহত রাখবে। বৈদেশিক মুদ্রা আহরণে সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডকে একটি রপ্তানী সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য আমরা এক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি। এ ক্ষেত্রে আমাদের সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ 'অংশীজনদের' সব ধরনের সহযোগিতা প্রদান করাই আমাদের মূল লক্ষ্য।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

  
29/12/2015  
(সেয়দ এ, মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ  
বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।